**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 2↵-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের প্রক্রিয়া আজ শেষ হয়েছে।**

**(২) এ.ডি.সি. নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষায় সমস্ত লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমা দেওয়ার নির্দেশ জারি করা হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।**

**(৪) ছত্তিশগড়-এ খেলো ইন্ডিয়া ট্রাইবেল গেমসের চতুর্থ দিনে ত্রিপুরা একটি স্বর্ণ পদক পেয়েছে।**

*****************************************************

**ADC- Election:**

এডিসি নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের প্রক্রিয়া আজ শেষ হয়েছে। উল্লেখ করা যেতে পারে, গত ২৫শে মার্চ পর্যন্ত এডিসি’র আঠাশটি আসনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিভিন্ন রাজনৈতিক দলের ১৮৬ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন। ২৬ শে মার্চ স্ক্রুটিনির পর ১৮১ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। মনোনয়ন পত্র প্রত্যাহারের প্রক্রিয়া শেষ হয়ে যাওয়ায় রাজ্য নির্বাচন কমিশন আজ চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে।

******************************

**Candidates- ADC Unakoti:**

এডিসি'র নির্বাচনে মাছমারা আসনে মোট ছয়জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। তারা হলেন, জাতীয় কংগ্রেসের অর্জুন রায়, বিজেপি'র মঞ্জু রাণী সরকার, তিপরা মথা দলের স্বপন কুমার চাকমা, ফরোয়ার্ড ব্লক এর পরেশ চন্দ্র সরকার। এই আসনে দু'জন নির্দল প্রার্থী হলেন, দবেন্দ্র রিয়াং এবং সুজিত সরকার।

করমছড়া আসনে চারজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন তারা হলেন, সিপিআইএম-এর সাধন কুমার চাকমা, জাতীয় কংগ্রেসের ধীরেন্দ্র দেববর্মা, বিজেপি'র বিমল কান্তি চাকমা, তিপরা মথা দলের রতীশ ত্রিপুরা|

করমছড়া আসনের রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের SDM ডেভিড এল হালাম জানান, আজ বিকালে মহকুমা শাসকের অফিসকক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ও বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটপর্ব সম্পন্ন করতে তিনি সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেছেন|

*******************************

**ADC Candidates- Gomati:**

এডিসি নির্বাচনে গোমতি জেলার তিনটি মহকুমার ৫টি আসনে মোট ৪২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এরমধ্যে কিল্লা বাগমা আসনে আট জন, মির্জা - কাঠালিয়া - রাজাপুর আসনে আটজন, মহারানী- চেলাগাং আসনে নয় জন, অম্পিনগর আসনে পাঁচ জন এবং নতুনবাজার- মালবাসা আসনে পাঁচ জন প্রতিদ্বন্দিতা করবেন|

*******************************

**ADC Election-Arms Act:**

আসন্ন.এ.ডি.সি. নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষা, শান্তি ও সম্প্রীতি অক্ষুন্ন রাখতে রাজ্যের প্রায় সবকটি জেলার জেলাশাসক জেলার অন্তর্গত সমস্ত লাইসেন্সপ্রাপ্ত

আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমা দেওয়ার নির্দেশ জারি করেছেন। অস্ত্র আইন ১৯৫৯-এর অধীনে এই আদেশ জারি করে খোয়াই ও দক্ষিন জেলার জেলাশাসকগণ জানিয়েছেন, জেলার অন্তর্গত সংশ্লিষ্ট লাইসেন্সধারীদের সমস্ত ধরণের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ৩১ মার্চ-এর মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা দিতে হবে। তবে জেলার অন্তর্গত ব্যাঙ্ক, ওএনজিসি, আইওসিএল সমূহে নিয়োজিত নিরাপত্তারক্ষীদের লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্রের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না। উল্লেখিত, তারিখের পর কোনও ব্যক্তির কাছে যদি কোনও আগ্নেয়াস্ত্র বা গোলাবারুদ পাওয়া যায় তবে তিনি আইনানুগ বিচারের সম্মুখীন হবেন এবং অস্ত্র আইন ১৯৫৯-এর প্রাসঙ্গিক বিধান অনুযায়ী তার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ বাজেয়াপ্ত করা হবে।

******************************

**Police Petroling:**

এডিসি নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে দক্ষিন জেলায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে| আজ দক্ষিন জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি. জেলা পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখরের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী এডিসি'র বীরচন্দ্র-কলসী কেন্দ্রের মনপাথর বাজার এলাকায় টহল দেয়।

******************************

**BJP- South:**

এডিসি নির্বাচন উপলক্ষে আজ দক্ষিন জেলার জোলাইবাড়িতে বিজেপি দলের এক সভা অনুষ্ঠিত হয়| সভায় বক্তব্য রাখেন অর্থমন্ত্রী প্রনজিত সিংহ রায়, বিধায়ক প্রমোদ রিয়াং, মাইলাফ্রু মগ, দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত ও বিজেপি'র দক্ষিন জেলা সভাপতি দীপায়ন চৌধুরী|

******************************

**Lop Rally:**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ দক্ষিন জেলায় এডিসি'র শিলাছড়ি-মনুবনকুল আসনের প্রার্থী উঁচাথই মগের সমর্থনে সাব্রুমের বৈষ্ণবপুর বাজারে এবং পূর্ব-মুহুরীপুর-ভুরাতলি আসনের প্রার্থী বার্জুং কুমার ত্রিপুরার সমর্থনে বাঘমারা ও তৈকুম্ভার বন্ধন বাজারে নির্বাচনী সভায় বক্তব্য রাখেন। তিনি জনজাতিদের আর্থ সামাজিক মানোন্নয়নের উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন|

*******************************

**ADC-BJP Meeting:**

এডিসি'র আশারামবাড়ী- হালাহালি কেন্দ্রে বিজেপি প্রার্থী অনন্ত দেববর্মার সমর্থনে বাচাইবাড়ী কমিউনিটি হলে বিজেপি'র এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়| সভায় বক্তব্য রাখেন জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব| এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*******************************

**PM- Uttarpradesh:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের গৌতম বুদ্ধ নগর জেলার জেওয়ারে নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরের প্রথম পর্যায়ের উদ্বোধন করেছেন। এছাড়াও তিনি 40 একর এলাকা জুড়ে রক্ষণাবেক্ষণ, মেরামত এবং ওভারহল সুবিধার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।এই উপলক্ষে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী বলেন যে, এটি 'বিকশিত ইউপি, বিকশিত ভারত' অভিযানের একটি নতুন অধ্যায়। তিনি আরও জানান, এই বিমানবন্দরটি আগ্রা, মথুরা, আলিগড়, গাজিয়াবাদ, ইটাওয়া এবং ফরিদাবাদসহ পশ্চিম উত্তরপ্রদেশের বিভিন্ন জেলার জন্য সহায়ক

হবে। প্রধানমন্ত্রী আরও বলেন, এই বিমানবন্দরটি পশ্চিম উত্তরপ্রদেশের কৃষক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং যুবকদের জন্য অনেক নতুন সুযোগ নিয়ে আসবে। তিনি আশা প্রকাশ করেন যে, জেওয়ার বিমানবন্দর আগামীদিনে উত্তরপ্রদেশের অগ্রগতি ও উন্নয়নের প্রতীকে পরিণত হবে।

প্রধানমন্ত্রী বলেন, পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতিতে সারা বিশ্ব উদ্বিগ্ন। এই অবস্থায় উদ্ভূত সংকট মোকাবিলায় ভারত যথাযথ পদক্ষেপ গ্রহন করছে| তিনি তাঁর ভাষণে ভারতের গৃহিত পদক্ষেপের কথা বিস্তারিত উল্লেখ করেন|

######### PM Byte #########

*******************************

**ED Raid :**

মাদক মামলায় পুলিশের এক এসআই সহ দুজনের এক কোটি ২০ লক্ষ টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট বা ইডি। আজ ইডি-র আগরতলা সাব জোনাল অফিস থেকে জানানো হয়েছে, মাদক মামলায় এএসআই ধ্রুব মজুমদার এবং পলাতক মাদক কারবারি অপু রঞ্জন দাসের সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে।

*******************************

**CPIM Leader Expired:**

সিপিআইএম-এর বরিষ্ঠ নেতা রাজ্য কমিটির প্রাক্তন সদস্য কমল কর আজ ভোরে কমলপুর শহরে তাঁর নিজ বাসভবনে শেষ নি:শ্বাস ত্যাগ করেন| মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর| ২০১৮ সালে সিপিআইএম-এর ১৯তম রাজ্য সম্মেলনে কমল কর রাজ্য কমিটির সদস্য নির্বাচিত হন| তাঁর মৃত্যুতে

সিপিআইএম রাজ্য সম্পাদক মন্ডলীর পক্ষ থেকে গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানানো হয়েছে|

******************************

**Khelo India Tribals Games:**

ছত্তিশগড়-এ খেলো ইন্ডিয়া ট্র্যাইভেল গেমসের চতুর্থ দিনে ত্রিপুরা একটি স্বর্ণ পদক পেয়েছে।ফলে মোট সাতটি পদক নিয়ে পদক তালিকায় ত্রিপুরা সপ্তম স্থানে রয়েছে। রাজ্যদলের পক্ষে এদিন সাঁতারে মহিলা বিভাগে ১00 মিটার ফ্রি স্টাইলে রাখি নোয়াতিয়া স্বর্ণ পদক পান।

******************************

**Kajal Smiti Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের আজ দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় মধুবন প্লে সেন্টার ৩-0 গোলে অরুন্ধতী নগর স্কুলকে পরাজিত করে। পরে দ্বিতীয় খেলায় কাতলামারা স্কুল ৩-0 গোলে ডন বস্কো স্কুলকে হারিয়ে দেয়।

******************************

**Super Division Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ৮ উইকেটে হার্ভে ক্লাবকে, টিআইটি মাঠে ব্লাডমাউথ ক্লাব ২৬0 রানে সংহতি ক্লাবকে এবং এমবিবি স্টেডিয়ামে শতদল সংঘ ৯ উইকেটে স্ফুলিঙ্গ ক্লাবকে পরাজিত করে।

******************************

**Weather :**

আবহাওয়া দপ্তর আগামী তিন দিন উত্তর, ঊনকোটি, ধলাই, খোয়াই ও পশ্চিম জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে।সেই সঙ্গে কোথাও কোথাও ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে আবহাওয়ার পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে|

রাজ্যে আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*******************************

*******************************